পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যাল
BANGLADESH OPEN UNIVERSIT

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/৪৯৭০

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত**

বরাবর
উপজেলা নির্বাহী কর্মকর্তা
সংশ্লিষ্ট উপজেলা।

**বিষয় : বাউবি পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে ভিজিলেন্স টীম গঠন প্রসঙ্গে।**

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ আগামী ১৭/০৭/২০২৬ খ্রিঃ তারিখ থেকে সারা দেশব্যাপী ২১০টি পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। পরীক্ষা কেন্দ্রসমূহে পরীক্ষা চলাকালীন সময়ে আইন-শৃঙ্খলা রক্ষাসহ পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে ভিজিলেন্স টীম গঠন করা জরুরী। এমতাবস্থায় ভিজিলেন্স টীম গঠন করে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আপনাকে অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং........৮৮৬........
তারিখঃ........১৬/৬/২৬........
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/ASANA
সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME

১৫/৬/২০২৬
মোঃ হাবিবুল্যাহ মাহমুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রাণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৩। রেজিস্ট্রার, বাউবি।
৪। ডিন, ওপেন স্কুল, বাউবি।
৫। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হ'ল)।
৬। আঞ্চলিক পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, বাউবি (বিষয়টি সকল পরীক্ষা কেন্দ্রকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
৭। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র, বাউবি।
৮। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। যুগ্ম আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
১০। একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা) দপ্তর, বাউবি [মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এর সদয় অবগতির জন্য]
১১। সংরক্ষণ নথি।

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যা
BANGLADESH OPEN UNIVERSI

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/ ৪০৭১

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ
পুলিশ সুপার
সকল জেলা।

বিষয় : বাউবি পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠান প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ আগামী ১৭/০৭/২০২৬ তারিখ থেকে সারা দেশব্যাপী ২১২টি পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। এতদ্‌সাথে পরীক্ষার সময়সূচী ও পরীক্ষার কেন্দ্র তালিকা প্রেরণ করা হ'ল। আপনার জেলাধীন পরীক্ষা কেন্দ্রসমূহে পরীক্ষা চলাকালীন আইন শৃংখলা রক্ষাসহ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদসহ,

১৫/০৬/২০২৬

মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ৮৮৪
তারিখঃ ১৫/৬/২৬
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ সব মাস্টার/ প্রোগ্রামার/ASANA
এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
প্রোগ্রামার/AHME

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রাণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৩। যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হ'ল)।
৫। আঞ্চলিক পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, বাউবি (বিষয়টি সকল পরীক্ষা কেন্দ্রকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
৬। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৮। একান্ত সচিব, উপ-উপাচার্য (শিক্ষা) দপ্তর, বাউবি [মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) এর সদয় অবগতির জন্য]
৯। সংরক্ষণ নথি।

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/ ৪৬৭২

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

**আঞ্চলিক পরিচালক**
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

**বিষয় : বাউবি'র এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।**

জনাব,
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ আগামী ১৭/০৭/২০২৬খ্রিঃ তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ইতোমধ্যে আপনার বরাবর প্রেরণ করা হয়েছে।

বাউবি'র একাডেমিক কাউন্সিলের ৫৬তম সভার সুপারিশ এবং বোর্ড অব গভর্নর্স এর ১৪৭তম সভায় অনুমোদিত **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি পরীক্ষা পরিচালনা, পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও পরীক্ষা পরিদর্শন সংক্রান্ত নীতিমালা"** এবং প্রশাসন বিভাগের স্মারক নং বাউবি/প্রশা(সাধা)/একা-সিদ্ধান্ত-৬১(১)/৯৯/পার্ট-০৩ ক/২১৪(১) তারিখ ১৬/০১/২০২৩ প্রজ্ঞাপন অনুযায়ী সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের জন্য **"এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি-২০২৬"** গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

**২। বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তার দায়িত্বঃ**

ক) "এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরীক্ষা কেন্দ্র পরিচালকনা কমিটি" গঠন নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| (i) | সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ এবং বেসরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসক বা তাঁর মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (সরকারি কলেজের ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির সভাপতি উক্ত কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তারও দায়িত্ব পালন করবেন)। | ১ জন | সভাপতি |
| (ii) | অধ্যক্ষ/সমন্বয়কারী | ১ জন/ | ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| | সরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসকের প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়)। | ১ জন | সদস্য |
| (iii) | বাউবি'র আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য আঞ্চলিক পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি হিসাবে যুগ্ম পরিচালক/সমমান, উপ-পরিচালক/সমমান, সহকারী পরিচালক/সমমান। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ৩ঃ২ঃ১ অনুপাতে পরীক্ষা কমিটিতে অন্তর্ভুক্ত থাকবেন।<br>উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। | ১ জন | সদস্য |
| (iv) | ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত সিনিয়র টিউটর | ২ জন | সদস্য |
| | **মোট =** | **৫ জন** | |

খ) কোন প্রতিষ্ঠানের অধ্যক্ষ যদি এইচএসসি প্রোগ্রামের সমন্বয়কারী না হয়েও পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তা হতে চান সেক্ষেত্রে সমন্বয়কারীকে টিউটর ক্যাটাগীর ০২ জন সদস্যের ০১ জন হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে ;

গ) পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা পরিচালনা কমিটির সভা আহবান করবেন এবং পরীক্ষা পরিচালনা সম্পর্কে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করবেন।

৩। পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত বিষয়গুলো অনুসরণীয় ঃ

ক. টিউটর নয় এমন শিক্ষককে পরীক্ষা কমিটিতে থাকতে পারবে না ;

খ. পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিবার একই শিক্ষককে কমিটিতে অন্তর্ভুক্ত না করে পর্যায়ক্রমে সৎ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল টিউটরদের সদস্য হিসেবে কমিটিতে রাখা হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানানো হল ;

**গ. পরীক্ষার দিন সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে কক্ষ পরিদর্শকের দায়িত্ব প্রদান করা যাবে না ;**

**ঘ. কোনো পরীক্ষার্থী নকল, মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি নিয়ে যেন পরীক্ষার হলে ঢুকতে না পারে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে ;**

ঙ. প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রতি পরীক্ষার দিনে অন্তত: ১ জন ম্যাজিস্ট্রেট এর উপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ নিশ্চিত করবেন এবং তাঁদের সম্মানী প্রদানের বিষয়টিও দ্রুততার সাথে সম্পন্ন করবেন ;

চ. পরীক্ষার কাজে ৩য় ও ৪র্থ শ্রেণীর একই কর্মচারীকে প্রতিবছর সম্পৃক্ত করা যাবে না।

৪। এছাড়াও এইচএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত ক) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তাঁর দায়িত্ব খ) ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য গ) পরীক্ষা কক্ষের ব্যবস্থাপনা ঘ) ইনভিজিলেটর বা কক্ষ পরিদর্শকের দায়িত্ব ও কর্তব্য ঙ) পরীক্ষা কেন্দ্রে বিশেষ পরিদর্শক নিয়োগ এবং তাঁদের দায়িত্ব ও কর্তব্য চ) পরীক্ষা কেন্দ্রে বহিঃ পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য ছ) পরীক্ষা কেন্দ্রের আইন শৃংখলা ও নিরাপত্তা জ) পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা ঝ) কারাবন্দি শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ ঞ) শ্রুতি লেখক নিয়োগ ট) সেভেন্থ-ডে এ্যাডভেন্টিস্ট খ্রীষ্টীয়ান সম্প্রদায়ের পরীক্ষা গ্রহণ এবং ঠ) পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র প্রেরণসহ সংশ্লিষ্ট বিষয়ে সম্পৃক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অবহিতকরণসহ তা যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৫। উল্লিখিত শর্তগুলো কোন ধরণের ব্যত্যয় ছাড়া আপনার আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রের জন্য গঠিত কেন্দ্র পরিচালনা কমিটির তালিকা একত্রিত করে পরীক্ষা আরম্ভ হওয়ার ০৭ (সাত) দিন পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

১৫/০৬/২০২৬

**মোঃ হাবিবুল্যাহ মাহমুদ**
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং....৪৪৬....
তারিখঃ....১৬/৬/২০২৬....
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/YASANA
সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/AHME

**অবগতি ও কার্যার্থে অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। জেলা প্রশাসক (সকল)।
২। ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাউবি'র এইচএসসি পরীক্ষা-২০২৬, পরীক্ষা কেন্দ্র (সকল), বাউবি।
৭। যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৮। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। একান্ত সচিব, উপ-উপাচার্যের দপ্তর (শিক্ষা), বাউবি [মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) এর সদয় অবগতির জন্য]।

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/৪৩৮৬

তারিখ ঃ ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

মহাপরিচালক
বাংলাদেশ ডাক বিভাগ
আগারগাঁও, ঢাকা-১২০৭।

**বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ অনুষ্ঠানের দিনসমূহে ডাকঘর খোলা রাখা প্রসঙ্গে।**

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ আগামী ১৭/০৭/২০২৬ তারিখ থেকে দেশব্যাপী সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার কেন্দ্র তালিকা ও সময়সূচী এতদসাথে প্রেরণ করা হলো। পরীক্ষা শেষে উত্তরপত্রের পার্সেল ঐদিনই ডাক বিভাগের মাধ্যমে প্রেরণ করার জন্য ডাকঘর খোলা রাখা জরুরী। এমতাবস্থায় পরীক্ষা অনুষ্ঠানের দিনসমূহে কেন্দ্র তালিকা মোতাবেক সংশ্লিষ্ট ডাকঘরগুলো বিকাল ০৫:০০ টা থেকে সন্ধ্যা ০৭:৩০টা পর্যন্ত খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। নির্দেশনার একটি কপি **controller@bou.ac.bd** এই ই-মেইলে প্রেরণের জন্য একই সাথে অনুরোধ করা হলো।

এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদসহ,

১৫/০৬/২০২৬

মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং...৮৮২...
তারিখঃ...২৬/৬/২৩...
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/সহঃসিঃ প্রোগ্রামার/ASANA
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহঃ পরিচালক সহকারী প্রোগ্রামার/AHME

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :**

১। জেলা প্রশাসক, সকল জেলা।
২। পুলিশ সুপার (সকল)
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
৪। আঞ্চলিক পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৫। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৭। যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৮। একান্ত সচিব, উপ-উপাচার্যের দপ্তর (শিক্ষা), বাউবি [মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) এর সদয় অবগতির জন্য]।
৯। সংরক্ষণ নথি।

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যা
BANGLADESH OPEN UNIVERSI

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/ ৪৯৮৯

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রাপক :
**অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা**
এইচএসসি পরীক্ষা-২০২৬
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সকল পরীক্ষা কেন্দ্র।

**বিষয় : বাউবি পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ এর কেন্দ্র তালিকা ও সময়সূচি প্রেরণ প্রসঙ্গে।**

জনাব,
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬ আগামী ১৭/০৭/২০২৬ খ্রি: তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষা অনুষ্ঠানের জন্য আপনার স্টাডি সেন্টারকে পরীক্ষা কেন্দ্র হিসেবে নির্বাচন করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রের তালিকা ও পরীক্ষার সময়সূচি এতদ্‌সাথে প্রেরণ করা হ'ল। পরীক্ষার সময়সূচি ও পরীক্ষা কেন্দ্র নির্বাচন সংক্রান্ত বিষয়টি শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল।

২। পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে আপনার কেন্দ্রের জন্য যাবতীয় কাগজপত্র ইতোমধ্যে আপনার কেন্দ্রে (মূলখাতা, অতিরিক্ত খাতা, টপশীট, প্রশ্নপত্র খোলার ঘোষণাপত্র, গোপনীয় রির্পোট ফরম ইত্যাদি) প্রেরণ করা হয়েছে। পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য আপনার কেন্দ্রের জন্য নির্ধারিত কেন্দ্র ফি যথাসময়ে আঞ্চলিক কেন্দ্র থেকে প্রদান করা হবে।

৩। পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে কোনো ধরণের জটিলতা বা সমস্যা দেখা দিলে বিষয়টি তাৎক্ষনিকভাবে পরীক্ষা বিভাগকে অবহিত করতে হবে। বাউবি'র আঞ্চলিক কেন্দ্র, উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্থানীয় প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল।

17/06/2026

মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং........৮৮২
তারিখঃ........২৬/০৬/২০২৬
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
প্রোগ্রামার/ASANA
এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহকারী প্রোগ্রামার/AHME

অনুলিপি : সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক (সকল)।
২। পুলিশ সুপার (সকল)।
৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। আঞ্চলিক পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, বাউবি (বিষয়টি সকল পরীক্ষা কেন্দ্রকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
৫। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৭। যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৮। একান্ত সচিব, প্রো-উপাচার্যের দপ্তর (শিক্ষা), বাউবি [মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এর সদয় অবগতির জন্য]
৯। সংরক্ষণ নথি।